চোখ খুললেই আজকের ফরিয়াদ, চোখ খুলে দেয় আজকের ফরিয়াদ

আজকের ফরিয়াদ



অভয় অমিত

শরীকদের অভয়বানী দিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বললেন, যে কোন সময় আবার কাছাকাছি হবে বিজেপি শিবসেনা।



আবার রাজাপক্ষে

শ্রীলঙ্কার ক্ষমতায় বসলেন চিনপন্থী মাহিন্দা রাজাপক্ষের ভাই গোতাবায়া রাজাপক্ষে। শাসক প্রার্থী সাজিথ প্রেমদাসাকে হারিয়ে রাষ্ট্রপতি হলেন রাজাপক্ষে।

AJKER FARIAD, 14th Year, Issue 215 (as morning daily) 18 November , 2019, Monday, Agartala ● ১৪ তম বর্ষ, ২১৫ সংখ্যা (প্রভাতি দৈনিক) ১ অগ্রহায়ণ, ১৪২৬, সোমবার
● পাঁচ টাকা ● ৮ পৃষ্ঠা ● POSTAL REGD. No. AGT/NE -1040/2018-2020 ●Website : www.ajkerfariad.in

বাদলকে শারীরিক লাঞ্ছনা ইস্যুতে বিশেষ আদালতে যাচ্ছে আইনজীবীরা

স্টাফ রিপোর্টার, ১৭ নভেম্বর ঃ কেন্দ্রীয় সংশোধানাগারে তদন্তকারী অফিসার ক্রাইম ব্রাঞ্চের ডিএসপি অজয় কুমার দাস প্রাক্তন পূর্তমন্ত্রী বাদল চৌধুরিকে শারীরিক ও মানসিকভাবে হেনস্তা করার পাশাপাশি নানাভাবে নির্যাতন করার অভিযোগ তুলেছেন বাদল চৌধুরির আইনজীবী রঘুনাথ মুখার্জি। তিনি সংবাদ মাধ্যমের কাছে তার প্রতিক্রিয়ায় বলেছেন, গতকাল সূর্যাস্তের পর কেন্দ্রীয় সংশোধনাগারে যান আইও অজয় কুমার দাস। এতে তিনি জেলকোড লঙঘন করেছেন। শুধু তাই নয়, বাদল চৌধুরিকে একটি সুনির্দিষ্ট কক্ষ থেকে জোর করে আরও একটি কক্ষে টানা হ্যাঁচড়া করে নিয়ে যাওয়া হয়েছে একটি পরিত্যক্ত কক্ষে। সেখানে দীর্ঘক্ষণ শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করা হয়েছে বলে রঘুনাথ মুখার্জি অভিমত ব্যক্ত করেন। তার পাশাপাশি তিনি এও বলেছেন, তখনও বাদল চৌধুরি অসুস্থ ছিলেন। তাকে টানা হ্যাঁচড়া করে একটি কক্ষে নিয়ে যাওয়া হয়। যেখানে কোন আলো বাতাসের ব্যবস্থা ছিলো না। আইও কর্তৃক টানা হ্যাঁচড়া ও মানসিক এবং শারীরিক ভাবে হেনস্তা করার ঘটনায় বাদল চৌধুরি গতকাল রাতে অসুস্থ হয়ে পড়েন। তাকে সঙ্গে সঙ্গে জেল কর্তৃপক্ষ হাসপাতালে নিয়ে আসার ব্যবস্থা করেছে। রঘুনাথ মুখার্জি জানিয়েছেন, রাতেই তাকে জিবি হাসপাতালের ট্রমা সেন্টারে নিয়ে আসা হয়। সেখান থেকে আইসিইউতে ভর্তি করানো হয়েছে। আইও'র বিরুদ্ধে এবং মানবাধিকার লঙঘন করার বিষয়ের পাশাপাশি জেলকোড লঙঘন করার কথা বাদল চৌধুরির হয়ে আইনজীবী রঘুনাথ মুখার্জিরা সোমবার বিশেষ আদালতে বিচারকের কাছে বিষয়গুলো তুলে ধরবেন। একই সাথে মানবাধিকার কমিশনেও নালিশ জানানো হবে বলে আইনজীবীরা জানিয়েছেন। গোটা বিষয়গুলো নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন উঠতে শুরু করেছে। এর আগেও বাদল চৌধুরি পুলিশের বিরুদ্ধে অভিযোগ তুলেছিলেন। তিনি বলেছিলেন তাকে পুলিশ মারধর করেছে। আইএলএস হাসপাতাল থেকে জোর করে বাদল চৌধুরিকে পশ্চিম আগরতলা থানায় নিয়ে আসার কথা বাদলবাবু নিজেই সাংবাদিকদের বলেছেন। সেই সময় পুলিশ বাদল চৌধুরিকে ঘাড় ধাক্কা দিয়ে পশ্চিম আগরতলা থানার লকআপে ঢোকানোর অভিযোগ করা হয়েছে। এবার কেন্দ্রীয় সংশোধনাগারে শারীরিক ও মানসিক ভাবে নির্যাতনের শিকার হলেন বাদল চৌধুরি বলে রঘুনাথ মুখার্জিরা সংবাদ মাধ্যমকে বিবৃতি দিয়েছেন।

রক্তচাপ বেড়ে গেছে, এখনো আইসিইউতে ভর্তি বাদল

স্টাফ রিপোর্টার, ১৭ নভেম্বর ঃ এখনো শারীরিক অবস্থার কোন উন্নতি হয়নি প্রাক্তনমন্ত্রী বাদল চৌধুরির। শনিবার রাতে বাদলবাবুকে অসুস্থ অবস্থায় জিবি হাসপাতালে ভর্তি করা হয়। রবিবার রাত ১১টা অবধি বাদলবাবুর শারীরিক অবস্থার কোন উন্নতি হয়নি। বাদলবাবুর রক্তের চাপ ক্রমশ ওঠা নামা করছে। রবিবার দিনভর একই অবস্থায় ছিলো। বাদল চৌধুরির চিকিৎসা নিয়ে ফের গরিমসি অবস্থা পরিলক্ষিত হলো। বাদল চৌধুরির চিকিৎসার জন্য একটি মেডিক্যাল টিম থাকলেও রবিবার ছুটির দিন থাকায় অধিকাংশ চিকিৎসকই আসেননি। ফলে এই মেডিক্যাল টিম একত্রিত না হওয়ার কারণে বাদলবাবুর পরবর্তী চিকিৎসা নিয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। বাদলবাবুর রক্তের চাপ কোন সময় হঠাৎ বেড়ে যাচ্ছে আবার অচমকা তা নিচে নেমে যাচ্ছে। রক্তের চাপের ক্রমশ ওঠা নামায় যথেষ্ট উদ্‌বিগ্ন বাদলবাবুর পরিবারের সদস্যরা। পাশাপাশি বাদল চৌধুরির বুকে ব্যথা অনুভূত হচ্ছে। অক্সিজেন দিতে না লাগলেও বুকের ব্যথা দীর্ঘসময় ধরে বজায় থাকার কারণে যথেষ্ট চিন্তিত বাদলবাবুর পরিবারের সদস্যরা। উল্লেখ্য, শনিবার সন্ধ্যার পর বাদলবাবু অসুস্থ হওয়ায় তাঁকে রাত ১০টা নাগাদ জিবি হাসপাতালে ভর্তি করা হয়। কিন্তু শারীরিক অবস্থা খুব খারাপ থাকায় তৎক্ষণাৎ বাদলবাবুকে আইসিইউতে ভর্তি করা হয়। এদিকে রবিবার থাকায় একদিকে যেমন তার মেডিক্যাল বোর্ড বসতে পারেনি তেমনি অনেকগুলি গুরুত্বপূর্ণ পরীক্ষাও এদিন হয়নি। প্রশ্ন দেখা দিয়েছে, যদি কোন মন্ত্রীর একই শারীরিক অবস্থা থাকতো তবে কি মেডিক্যাল বোর্ডের যেসব চিকিৎসকরা রয়েছেন তারা না এসে পাড়তেন? একইরকম ভাবে

এরপর দুইয়ের পাতায়

খয়েরপুরে সিপিএম'র সভা-মিছিলে হামলা

বাস চালকের তৎপরতায় আরও বড় বিপদ এড়ালেন বাম সমর্থকেরা

রবিবার খয়েরপুরে সিপিএম'র সভা-মিছিলে আক্রান্ত গাড়ি। ইনসেটে আহত গাড়ির চালক। ছবি- নিজস্ব।

স্টাফ রিপোর্টার, ১৭ নভেম্বর ঃ খয়েরপুরে সিপিএমের সভা-মিছিলে হামলার অভিযোগ এবং পুলিশ ও আধা সামরিক বাহিনীর জওয়ানদের তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকলেও ফিরে আসা মুহূর্তে কমরেডদের বহনকারী গাড়িতে হামলা সংগঠিত হয়। বেশ কয়েকজন এতে আহত হয়েছেন। গাড়ির গ্লাস ভাঙা হয়েছে। এদিকে রক্তাক্ত হয়েও গাড়ির চালক আশিস দাস কমরেডদের নিয়ে দ্রুত চলে এসেছেন পূর্ব আগরতলায় থানায়। সিপিএম পশ্চিম ত্রিপুরা জেলা সম্পাদক পবিত্র কর অভিযোগ করেছেন, বিজেপির দুর্বৃত্তরা সেখানে হামলা সংগঠিত করেছে, গাড়িতে ভাঙচুর করেছে। আহতদের পূর্ব আগরতলার থানা পুলিশ জিবি হাসপাতালে নিয়ে গিয়ে চিকিৎসা করানোর ব্যবস্থা করেছে। এদিকে জিবি হাসপাতালে আহতদের দেখে আসেন পবিত্র কর সহ অন্যান্য নেতারা। দলের তরফে বলা হয়েছে, রবিবার সিপিএম পশ্চিম ত্রিপুরা জেলা কমিটির উদ্যোগে, পুলিশের অনুমতি নিয়ে খয়েরপুরে এক মিছিল ও সভার আয়োজন করা হয়। পুলিশের উপস্থিতিতেই জনসভা চলাকালীন স্থানীয় বিজেপি অফিস থেকে সভার বক্তাদের উদ্দেশে খিস্তি খেউর চলতে থাকে। জনসভা শেষে, সভায় যোগদানকারীরা গাড়িতে করে ফিরে যাওয়ার সময় বিজেপি দুর্বৃত্তরা বাইক নিয়ে আগরতলাগামী যোগদানকারীদের একটি বাসের পেছনে ধাওয়া করে অনবরত ইট পাথর ছুড়তে থাকে। এতে গাড়িটির প্রায় সমস্ত জানালার কাঁচ ক্ষতিগ্রস্ত হয় এবং ৯ জন সিপিএম কর্মী-সমর্থক মারাত্মক ভাবে আহত হয়। তাদের সবাইকে জিবি হাসপাতালের ট্রমা সেন্টারে ভর্তি করতে হয়। এই সমগ্র আক্রমণের ঘটনা ঘটেছে ক্ষতিগ্রস্ত বাসটির আগে পিছে পুলিশ থাকা সত্বেও। একটি স্বীকৃত রাজনৈতিক দলের কর্মসূচিকে লক্ষ্য করে

এরপর দুইয়ের পাতায়

বেতন নেই ডিসপেনসারিতে, জিবি হাসপাতালে বঞ্চিতদের চরম ক্ষোভ

স্টাফ রিপোর্টার, ১৭ নভেম্বর ঃ রাজ্য সরকার কি আর্থিক সংকটে পড়েছে? ডাবল ইঞ্জিন কি দুর্বল হয়েছে? কেন্দ্রে কি এখন কলস নিয়ে যাওয়া সম্ভব নয়? ঘটের বদলে কলস কি ঠনঠন করছে? এগুলো রাজনৈতিক প্রচার নাকি বাস্তব তা নিয়ে তর্ক বিতর্ক হতেই পারে। কিন্তু অবাক করার মতো বিষয়, চলতি মাসে বহু সরকারি কর্মচারী বেতন পাননি বলে সুনির্দিষ্টভাবে অভিযোগ পাওয়া গেছে। শ্রমদফতরের অধিনস্থ শ্যামলীবাজারস্থিত ইএসআই ডিসপেনসারিতে বেতন হয়নি বলে সংশ্লিষ্টরা বিষয়টি স্বীকার করে নিয়েছে। কেন বেতন হয়নি? তা নিয়ে স্পষ্ট কিছু জানা সম্ভব নয়। শ্রমদফতর কিংবা সংশ্লিষ্ট দফতরের কর্তারাও বিষয়টি স্বীকার করলেও বেতন না হওয়ার কারণ ব্যাখ্যা করেনি। স্বাভাবিক কারণে হতাশা দেখা দিচ্ছে বিভিন্ন জায়গায়। এদিকে জিবি হাসপাতালে কর্মরত সুলভ কর্মীদের গত পাঁচ মাস ধরে বেতন হয়নি বলে তারা অভিযোগ করেছেন। এই বিষয়গুলো নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন উঠতে শুরু করেছে। যারা এর দায়িত্বে রয়েছেন তারাও সংবাদ মাধ্যমের কাছে এ নিয়ে কিছু বলেনি। জিবি হাসপাতালে কর্মরত একাংশ স্বাস্থ্য কর্মী যাদের নিয়োগের পর বিভিন্ন মহল থেকে চাপ বাড়ছিলো সেই কর্মীদের একাংশকে ছাঁটাই করা হয়েছে বলে তারা নিজেরাই সংবাদ মাধ্যমের কাছে প্রতিক্রিয়ায় তুলে ধরেছেন। হঠাৎ করে আর্থিক সংকট দেখা দিয়েছে কি না সেটা অর্থ দফতর ভালো বলতে পারবে। তবে অর্থমন্ত্রী এই বিষয়ে কোন প্রতিক্রিয়া জানায়নি। সুতরাং বিভিন্ন দফতরের পাশাপাশি পিএসইউগুলোতে বেতন দেরিতে হওয়ার অভ্যাস বাম আমল থেকেই রচিত হয়েছিলো। সেই সময় নাকি বামেদের আর্থিক বিশৃঙ্খলা ছিলো। অভিযোগ বর্তমানদের। শূন্য থেকে শুরু করা অর্থমন্ত্রীর ভাষ্য মাইনাস থেকে শুরু হয়েছে। এখন মাইনাস থেকে শুরু হওয়ার জেরেই কি একাংশ কর্মচারীদের বেতন দেরি হচ্ছে? তবে সোমবারের মধ্যে বেতন হবে কিনা সেটা সময়েই বলবে। গতকাল পর্যন্ত বেতন না হওয়ার বিষয়টি সংবাদ মাধ্যমকে অবগত করানো হয়। তাছাড়া জিবি হাসপাতালের

এরপর দুইয়ের পাতায়

লোনের নামে প্রতারণা গ্রেফতার প্রতারক

তেলিয়ামুড়া প্রতিনিধি, ১৭ নভেম্বর ঃ ব্যাঙ্ক থেকে ঋণ পাইয়ে দেবার নাম করে সাধারণ মানুষকে প্রতারিত করার অভিযোগে পুলিশের হাতে তুলে দিল এক যুবককে। ঘটনা তেলিয়ামুড়া থানা এলাকার সুদ্দুকরারী গাঁওসভার রাঙ্খল পাড়া এলাকায়। পুলিশ জানায়, সাত মাস আগে রাঙ্খল পাড়ার ১৫-১৬ জনকে ব্যাঙ্ক থেকে ঋণ পাইয়ে দেবার আশ্বাস দিয়ে কারোর থেকে দশহাজার কারোর থেকে পনের হাজার টাকা হাতিয়ে নেয় খোয়াই সোনাতলা এলাকার অজিত দেবনাথ ওরফে পিন্টু। সাতমাস অতিক্রান্ত হয়ে গেলেও কেউই আর লোন পায়নি। একাধিকবার অজিতকে প্রতারিত গ্রামবাসীরা এব্যাপারে জানতে

এরপর দুইয়ের পাতায়

মৈত্রী সেতুর উদ্বোধনে স্বপ্নের প্রবেশদ্বার হবে সাব্রুম

মনুবাজার প্রতিনিধি, ১৭ নভেম্বর ঃ সোনালী স্বপ্ন ধীরে ধীরে বাস্তবায়নের দিকে এগিয়ে চলেছে গোটা দক্ষিণ পূর্ব এশিয়ার প্রধান বাণিজ্য দুয়ার হতে চলেছে রাজ্যের প্রান্তিক মহকুমা সদর সাব্রুম। ফেনী নদীর উপর স্বপ্নের মৈত্রী সেতুর কাজ প্রায় সত্তর শতাংশ বাস্তবায়ন হয়ে গেছে। সদিন আর দূরে নয় সাব্রুমের বুক চিড়ে ছুটবে পণ্যবাহী দেশি বিদেশি লরি। ব্যস্ততম স্থলবন্দর হয়ে উঠবে সাব্রুম। বিকাশ ঘটবে আর্থ সামাজিক অবস্থার। দীর্ঘ প্রায় দেড় দশক ধরে দু'দেশো মধ্যে বাণিজ্য সম্পর্ক উন্নয়নের জন্য এই পরিকল্পনা চলে আসছিল। দু'দেশের প্রশাসনিক শীর্ষ মহলের আমলা বারবার সফর করেছেন নদীর পাড়। সাব্রুম থেকে বাংলাদেশের প্রধান বৃহত্তর বাণিজ্য

এরপর দুইয়ের পাতায়

গুলি চালিয়ে হত্যার চেষ্টা অভিযুক্ত সমীর পুলিশ রিমান্ডে

স্টাফ রিপোর্টার, ১৭ নভেম্বর ঃ আগরতলা শহর সংলগ্ন বড়জলার মধ্যভুবনবন এলাকায় উমা সরকার নামে এক মহিলাকে আগ্নেয়াস্ত্রের গুলিতে খুনের চেষ্টার ঘটনায় পুলিশের জালে এক সন্দেহভাজন অভিযুক্ত। রবিবারই অভিযুক্ত সমীর বনিককে ৫ দিনের রিমান্ড চেয়ে আদালতে হাজির করে পুলিশ। তদন্তের স্বার্থে আদালত ধৃতকে চারদিনের রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদের অনুমতি দেয়। খুনের চেষ্টার মোটিভ জানতে অভিযুক্তকে জেরা চালাবে পুলিশ। এদিকে জিবি হাসপাতালে ভর্তি আহত মহিলার অবস্থা বেশ সংকটজনক। তার শরীরে বিদ্ধগুলি বের করার জন প্রচেষ্টা জারি রেখেছেন চিকিৎসকরা। শনিবার রাত ৮টা থেকে সাড়ে ৮টার মধ্যে আগ্নেয়াস্ত্র থেকে পরপর ৩ রাউন্ডগুলি ছোঁড়ার ঘটনায় উত্তপ্ত হয়ে পড়েছিল রাজধানী সংলগ্ন

এরপর দুইয়ের পাতায়

তোলার টাকা নিয়ে জিবি ফাঁড়িতে ধুন্ধুমার জেহাদ ঘোষণা নিচু স্তরের কর্মীদের

স্টাফ রিপোর্টার, ১৭ নভেম্বর ঃ তোলার টাকা নিয়ে ধুন্দুমার জিবি পুলিশ ফাঁড়িতে। ফাঁড়ির অফিসার বনাম কনস্টেবলদের মধ্যে চলছে লড়াই। ফাঁড়ির জেনারেল প্রফিডেন্ড ফান্ডের (জিপিএফ) মধুর ভাণ্ড নিয়ে কাড়াকাড়ি করা পুলিশ এখন নজর দিতে পারছে না এলাকায়। স্বাভাবিক ভাবেই গোটা ফাঁড়ি এলাকায় বাড়ছে সমাজদ্রোহীদের দৌরাত্ম্য। বিষিয়ে ওঠেছে এলাকার পরিবেশ। নিরাপত্তাহীনতায় ভোগছে স্থানীয় লোকজন। ফাঁড়ির খবর অনুযায়ী, এই মুহূর্তে জিবি ফাঁড়ির মাসিক আয় তিন লক্ষ টাকা। আগে অবশ্যই আয় আরো বেশি ছিল। সম্প্রতি বাণিজ্যে মন্দার কারণে প্রণামির পরিমাণ কমিয়ে দিয়েছে অবৈধ ব্যবসায়ীরা। নিয়ম অনুযায়ী প্রতি মাসে জিপিএফ'র টাকা ভাগ বাটোয়ারা হয়। ফাঁড়ির ওসি থেকে শুরু করে কনস্টেবল পর্যন্ত সবাই পেয়ে থাকেন কাঞ্চন মূল্যের ভাগ। জিবি ফাঁড়ি সূত্রের খবর, সাব ইন্সপেক্টর রঞ্জিত দেবনাথ ওসির দায়িত্ব নেওয়ার পর সমস্ত হিসেব নিকেশ পাল্টে যায়। ফাঁড়ির এক নম্বর তোলাবাজ এএসআই প্রিয়তোষ শীল ওসি রঞ্জিত দেবনাথকে বগলদাবা করে নেন। এবং ওসির সম্মতিতে মাসিক

এরপর দুইয়ের পাতায়

মানুষ একজোট হলে লাগু হবে না এনআরসি ঃ কানহাইয়া

কলকাতা, ১৭ নভেম্বর ঃ রাজ্যের সীমান্তবর্তী জেলাগুলিতে এনআরসি বিরোধী আন্দোলন ক্রমশই জোরদার হচ্ছে। দক্ষিণ দিনাজপুরে গঙ্গারামপুরে রবিবার সেই মঞ্চে উপস্থিত হয়ে জাতীয় নাগরিকপঞ্জির বিরোধিতায় সরব হলেন বাম ছাত্রনেতা কানহাইয়া কুমার। বিঁধলেন কেন্দ্রে ক্ষমতাসীন বিজেপি সরকারকে। তার বক্তব্য, অনুপ্রবেশকারীদের হঠানোর নামে দেশের মানুষকে 'বিদেশি' তকমা দেওয়ার চেষ্টা চলছে। এভাবে দেশের মানুষকে ভুল বুঝিয়ে চলেছে বিজেপি। কানহাইয়ার মতে, এভাবে এনআরসি লাগু করা সম্ভব নয়। রবিবার দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুরে নাগরিকপঞ্জি বিরোধী যুক্তমঞ্চের সভায় যোগ দেন সিপিআই নেতা কানহাইয়া। এদিন গঙ্গারামপুরের রবীন্দ্রভবনে একটি সমাবেশের আয়োজন করা হয়। কানহাইয়া কুমার ছাড়াও ছিলেন প্রাক্তন মন্ত্রী তথা সিপিআই নেতা শ্রীকুমার মুখোপাধ্যায়, ছিলেন প্রসেনজিৎ বসু, অনিমেষ সাহা, অশেষ সরকার। গঙ্গারামপুরে নাগরিকপঞ্জি বিরোধী যুক্তমঞ্চের সভা থেকে কানাইয়া কুমার বলেন, 'মানুষ যদি একবার রাস্তার নেমে আসে তাহলে সরকারকে মাথা নিচু করতে হবে। মানুষ কেন নিজেদের নাগরিকত্বের তথ্যপ্রমাণ জমা করবেন? সরকার নিজেই খুঁজে নিক, কে নাগরিক আর কে নয়। সারা দেশের মানুষ যদি

এরপর দুইয়ের পাতায়

এটিএমে স্ক্রিনিং ডিভাইসের মাধ্যমে কোটি টাকা হ্যাকিং তদন্তে নেমে চোখে সর্ষে ফুল, নিশানায় ৪টি এটিএম

স্টাফ রিপোর্টার, ১৭ নভেম্বর ঃ টানা ৩দিনেও পুলিশের হাতে অধরা এটিএম কান্ডের সাথে যুক্ত কুখ্যাত সাইবার ক্রিমিন্যালরা। এনিয়ে স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষের পাশাপাশি রাজ্য সাইবার ক্রাইম ব্রাঞ্চের ভূমিকাও প্রশ্নের মুখে পড়ে যাচ্ছে। কলকাতার এটিএমের মাধ্যমে রাজ্যের গ্রাহকদের প্রায় কোটি টাকা জালিয়াতি কাণ্ডে ফের বিস্ফোরক তথ্য তদন্তকারীদের হাতে। তদন্তের স্বার্থে এবার বিজয় কুমার চৌমুহনিস্থিত স্টেট ব্যাঙ্কের রিজিওন্যাল কার্যালয়ে হানা দিল রাজ্য সাইবার ক্রাইম ব্রাঞ্চের টিম। নতুন করে উঠে আসে ফের আগরতলা শহরের চারটি এটিএম হ্যাক করে নেওয়ার তথ্য। এসবিআই'র বটতলা এটিএম, কামান চৌমুহনি এটিএম, ইন্দ্রনগরের এটিএম এবং পোস্ট অফিস চৌমুহনির স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক এটিএম- এই চারটি এটিএমে লেনদেনকারী গ্রাহকদের অ্যাকাউন্ট ব্লক করার আহ্বান রেখেছে সাইবার ক্রাইম ব্রাঞ্চ। তদন্তে সন্দেহভাজন অভিযুক্তদের বেশকিছু ছবি হাতে পেয়েছে সাইবার ক্রাইম সেল। মাত্র কয়েক ঘণ্টার ব্যবধানে স্টেট ব্যাঙ্কের এটিএম হ্যাক করে লুট হয়ে গেল রাজ্যের কয়েক ডজন গ্রাহকের অ্যাকাউন্ট থেকে প্রায় কোটি টাকা। আর এই চাঞ্চল্যকর সাইবার অপরাধে রাজ্য সাইবার ক্রাইম সেল তদন্ত জারি রাখলেও ধরাছোঁয়ার বাইরে থেকে গেল অভিযুক্তরা। থানাগুলিতে মামলা রুজু হওয়ার ইতিমধ্যে ২-৩ দিন অতিক্রান্ত হতে চলেছে।

এরপর দুইয়ের পাতায়

পুলিশের তদন্তে এটিএম হ্যাক কান্ডে সন্দেহজনক বহিঃ রাজ্যের দুই ব্যক্তি।

সংবাদ ঃ ০৩৮১ ২৩০৯৭৯৭/৯৮৫৬৫১৫৮৯৭ | বিজ্ঞাপন ঃ ৯৪৩৬৪৮৯৭৯৭ / ৮১৩১৯৭৯৯৩৫ | সার্কুলেশন ঃ ০৯৮৬২০২১১০৮/৯৭৭৪৪৯৪৯৫৮ | ফ্যাক্স ঃ ০৩৮১ ২৩১৫৮৭২